No. 202.55.1

<u>নির্বাহী আদেশ</u>

আইনের সাময়িক স্থগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখা
সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, অতএব, আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধানসমূহ বা তার অংশবিশেষ সাময়িকভাবে স্থগিত বা পরিবর্তন করার কতৃত্ববলে, যদি সেই আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধানসমূহ বা তার অংশবিশেষ মেনে চললে তা দুর্যোগ মোকাবিলায় বাঁধা সৃষ্টি করে বা ব্যাহত করে বা পদক্ষেপ নেওয়া বিলম্বিত করে বা যদি সেই দুর্যোগ সামলাতে সহায়তা করে, এতোদ্বারা নির্বাহী আদেশ 202.55 পরিবর্তন করি যার অন্তর্ভুক্ত সকল স্থগিতাদেশ এবং পরিবর্তন যা নির্বাহী আদেশ 202.55 এর কোন পরবর্তী নির্দেশিকার দ্বারা রহিত করা হয়নি, এবং তদারিক্ত এই যে নির্বাহী আদেশ 202.48, 202.49 এবং 202.50 অব্যাহত রাখা হয় সম্পূর্ণভাবে 4 সেপ্টেম্বর 2020 অবধি।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি শহরে রাজ্যের নিজস্ব
সিলমোহর সহ দুই হাজার বিশ সালের
আগস্ট মাসের ষষ্ঠ দিনে এটি প্রদান
করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব